# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**03 MAY 2025 7:45—7:55 PM IST**

==========================================================

১) রাজ্যে পঞ্চায়েত নির্বাচনের প্রথম পর্যায়ে কিছু বিক্ষিপ্ত ঘটনায় ভোটগ্রহণে ব্যাঘাত সৃষ্টি হওয়া ৪৩ টি ভোটকেন্দ্রে আগামীকাল পুনরায় ভোটগ্রহণ ।শ্রীভূমির ৮ টি এবং হাইলাকান্দির ৩২ টি ভোটগ্রহণ কেন্দ্রে আগামীকাল পুনরায় ভোটগ্রহণ ।

২) জাপানের নিম্ন সদনের অধ্যক্ষের নেতৃত্বে ৫৫ জনের এক প্রতিনিধি দলের তিনদিনের আসাম সফর ।

৩) দেশের অন্যান্য প্রান্তের সঙ্গে রাজ্যে আগামীকাল নীট পরীক্ষা ।

এবং

৪) সংবাদ মাধ্যমের কর্মীদের মত ব্যাক্ত করার গুরুত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টির জন্য আজ সংবাদ মাধ্যমের স্বাধীনতা দিবস পালন ।

------------------------------------------------------------------------

পঞ্চায়েত নির্বাচনের প্রথম পর্যায়ে গতকাল ভোটগ্রহণের সময় কিছু বিক্ষিপ্ত ঘটনা বা অন্যান্য কারণে ভোটগ্রহণে ব্যঘাত সৃষ্টি হওয়া ৪৩ টি ভোটকেন্দ্রে আগামীকাল পুনরায় ভোটগ্রহণ করা হবে ।সেই অনুযায়ি হাইলাকান্দি জেলার ৩২ টি , শ্রীভূমির ৮ টি , গোলাঘাট ও মাজুলীর একটি করে ভোটকেন্দ্রে আগামীকাল সকাল সাড়ে সাতটা থেকে বিকেল সাড়ে চারটা পর্যন্ত ভোটগ্রহণ করা হবে ।উল্লেখ্য পঞ্চায়েত নির্বাচনের প্রথম পর্যায়ে গতকাল বরাক উপত্যকার তিনটি জেলা সহ রাজ্যের মোট ১৪ টি জেলায় ভোটগ্রহণ সম্পন্ন হয় ।রাজ্য নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ি গতকালের নির্বাচনে ৭০ দশমিক ১-৯ শতাংশ ভোট পড়েছে ।

------------------------------------------------------------------------

রাজ্য নির্বাচন কমিশন পঞ্চায়েত নির্বাচনের প্রথম পর্যায়ে গতকাল অনুষ্ঠিত ভোটগ্রহণে শ্রীভূমি জেলার ৮ টি ভোটকেন্দ্রে সংঘঠিত কিছু অবাঞ্ছিত ঘটনার পরিপ্রেক্ষিতে ওই ৮ টি ভোটকেন্দ্রের ভোট বাতিল করেছে । ওই কেন্দ্রগুলোতে আগামীকাল সকাল সাড়ে সাতটা থেকে বিকেল সাড়ে চারটে পর্যন্ত পুনরায় ভোটগ্রহণ করা হবে বলে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন ।

তিনি জানান--
বাইট

অনুরূপভাবে হাইলাকান্দি জেলার ৩২ টি ভোটকেন্দ্রে গতকাল ভোট গ্রহণের সময় কিছু অনিয়ম ধরা পড়ায় রাজ্য নির্বাচন কমিশন ওই কেন্দ্রগুলোতে আগামীকাল পুনরায় ভোটগ্রহণের নির্দেশ দিয়েছে । এই উদ্দেশ্যে আজ ভোট কর্মীরা ৩২ টি ভোটগ্রহণ কেন্দ্রে পৌচেছেন ।এই ভোটকেন্দ্রগুলোর অধীন এলাকায় জেলা প্রশাসনের পক্ষ থেকে আজ মাইকিং করে আগামীকাল পুনরায় ভোটদান করার আবেদন জানানো হয়েছে ।জেলা প্রশাসন আগামীকাল পুনর ভোটগ্রহণের জন্য কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে ।

------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার পঞ্চায়েত নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হওয়া সবকটি ভোটকেন্দ্রের ব্যালট বক্সগুলি ষ্ট্রংরুমে কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে রাখা হয়েছে ।জেলা নির্বাচন আধিকারীকরা আজ সকাল প্রায় সাড়ে ৫ টায় ব্যালট বক্স থাকা সবকটি ষ্ট্রংরুম সিল করেছেন ।কাছাড় জেলায় গতকাল সামগ্রিকভাবে ভোটগ্রহণ শান্তিপূর্ণ ছিল এবং কোন স্থান থেকে কোন পুনর ভোটগ্রহণের আবেদন জমা পড়েনি বলে তথ্য ও জনসংযোগের বরাক উপত্যকা জোনের আঞ্চলিক কার্যালয় থেকে এক প্রেস বিবৃতিতে জানানো হয়েছে ।

------------------------------------------------------------------------------------------

জাপানের হাউস অব রিপ্রেসেন্টেটিভস তথা নিম্ন সদনের অধ্যক্ষ নুকাগা ফুকুসিরো , জাপানের সাংসদ , জাপান সরকারের উচ্চপদস্থ আধিকারীক, ব্যবসায়ী এবং সংবাদ মাধ্যমের প্রতিনিধি সহ ৫৫ সদস্যের একটি দল আজ আসাম সফরে আসছে ।প্রতিনিধি দলটি আজ গুয়াহাটী পৌছার পর আসাম বিধানসভায় আসবে ।বিধানসভায় দলটির রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য ,মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এবং বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারীর সঙ্গে এক আলোচনায় মিলিত হবে ।দলটি আগামীখাল

গুয়াহাটী আই আই টি এবং জাগীরোডে নির্মীয়মান সেমিকন্ডাক্টর প্রকল্প স্থল পরিদর্শন করবে ।দলটি স্বাস্থ্য , শিক্ষা , মানব সম্পদ ইত্যাদি বিষয় নিয়ে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ও অধ্যক্ষ শ্রী দৈমারীর সঙ্গে আলোচনায় মিলিত হবেন ।

---------------------------------------------------------------------------------------

আগামী ৭ মে অনুষ্ঠেয় দ্বিতীয় পর্যায়ের নির্বাচনের জন্য ব্যাপক প্রচার অভিযান চলছে । শাসক বিজেপি সহ মিত্রদল অসম গণ পরিষদ ও বিরোধী দল কংগ্রেস ছাড়াও অন্যান্য রাজনৈতিক দল তথা নির্দল প্রার্থীরাও  ভোটদাতাদের আকর্ষিত করতে চেষ্টা চালাচ্ছেন । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ কামরূপ জেলার আজারা-ধারাপুর ,গরল এবং নগাঁওয়ে প্রচার কার্যসূচীতে অংশ নেন । নগাঁওয়ে আয়োজিত প্রচার সভায় মন্ত্রী কেশব মহন্ত সহ বেশকয়েকজন নেতা কর্মী অংশগ্রহণ করেন । বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া আজ জাগীরোড বিধানসবা আসনের ঔজারিতে নির্বাচনী প্রচার সভায় অংশ নেন । কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ দক্ষিণ কামরূপের রঙ্গামাটিতে প্রচার চালান ।

এদিকে কংগ্রেস দলের হয়ে রাজ্য সভাপতি ভূপেন বরা , প্রবীণ নেতা প্রদ্যুত বরদলৈ ,রিপুন বরা ,সাংসদ গৌরব গগৈ ,রকিবুল হুসেন , দলের নেত্রী মীরা বরঠাকুর সহ অন্যান্য নেতারা প্রচার চালাচ্ছেন । একইভাবে অসম জাতীয় পরিষদ এবং রাইজর দলেও প্রচার অব্যাহত রেখেছে । অসম জাতীয় পরিষদের সভাপতি লুরিনজ্যোতি গগৈ আজ নলবারীর পশ্চিম বরভাগ জেলা পরিষদের প্রার্থীর হয়ে প্রচার চালান ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে রাজ্যের বিভিন্ন প্রান্তে আগামীকাল জাতীয় যোগ্যতা নিরূপণ প্রবেশ পরীক্ষা ( নীট ) অনুষ্ঠিত হবে । পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য রাজ্যসরকার প্রতিটি জেলায় পর্যবেক্ষক হিসেবে একজন করে উচ্চ পর্যায়ের প্রশাসনিক আধিকারিক একটি বিশেষ বিজ্ঞপ্তির মাধ্যমে নিযুক্তি দিয়েছে । দুপুর দুটো থেকে বিকেল ৫ টা পর্যন্ত অনুষ্ঠেয় পরীক্ষার জন্য প্রতিটি জেলা প্রশাসন বেশকিছু নির্দেশ জারী করেছে । সে অনুসারে পরীক্ষা কেন্দ্রের ১০০ মিটার ব্যাসার্ধের মধ্যে যে কোনো লোকের প্রবেশের ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । পরীক্ষায় অবতীর্ন প্রার্থী কর্তৃপক্ষের দ্বারা স্বাক্ষরিত প্রবেশ পত্র দেখিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে । একইভাবে পরীক্ষায় নিয়োজিত আধিকারিক-কর্মচারী  ,আইন-শৃঙ্খলা এবং আইন শৃঙ্খলা এবং জরুরীকালীন সেবায় নিয়োজিত সরকারী আধিকারিক -কর্মচারী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন ।পরীক্ষার্থী কেলকুলেটর ,মোবাইল ফোন সহ যেকোনোধরণের যোগাযোগের বৈদ্যুতিন সামগ্রী বা কোনো ধরনের আপত্তিজনক সামগ্রী পরীক্ষা কেন্দ্রে

নিতে পারবে না । পরীক্ষা কেন্দ্রের ১০০ মিটার ব্যাসার্ধের মধ্যে কোনো দোকান খোলা রাখা যাবে না । পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকবে এবং কোনো ব্যাক্তি আদেশ অমান্য করলে ভারতীয় ন্যায় সংহিতা ২০২৩ এর ২২৩ ধারার অধীনে কঠোর ব্যাবস্থা গ্রহণ করা হবে ।

---------------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় আগামীকাল অনুষ্ঠেয় জাতীয় যোগ্যতা নিরূপণ প্রবেশ পরীক্ষা ( নীট ) সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে আজ কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে পি এম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয় শিলচরে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । বৈঠকে প্রশাসনিক প্রস্তুতি এবং নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আলোচনা করা হয় । কাছাড়ের পুলিশ সুপার সাতটি পরীক্ষা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকরা এবং এন টি র ( জাতীয় পরীক্ষা সংস্থা ) র পর্যবেক্ষকরা বৈঠকে অংশ নেন । রাজ্য সরকারের নিযুক্ত  পর্যবেক্ষকদের মধ্যে এম এন দাহাল ,মীনাক্ষী দাস নাথ এবং অলকানন্দা মেধি বৈঠকে অংশ নেন । জেলা আয়ুক্ত পরীক্ষাটি সফলভাবে সম্পন্ন করার বিষয়টি নিশ্চিত করতে সংশ্লিষ্ট আধিকারিকদের প্রতি আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------------------

সংবাদ মাধ্যমের কর্মীদের মত ব্যক্ত করার স্বাধীনতার গুরুত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টি করার উদ্দেশ্যে আজ সমগ্র বিশ্বে সংবাদ মাধ্যমের স্বাধীনতা দিবস পালন করা হয়েছে ।এই দিবসের অংশ হিসেবে আজ সংবাদ মাধ্যমে কর্মরত লোকেদের একত্রিত করে তাদের বিভিন্ন প্রত্যাহ্বান সমুহ দূর করার কৌশল সম্পর্কে আলোচনা করা হয় ।আসামেও আজ এই দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচী পালন করা হয় ।ডিব্রুগড়ে আজ এ উপলক্ষে বক্তৃতা অনুষ্ঠানের আয়োজন করা হয় ।
শিলচর প্রেস ক্লাবে আজ এই দিবস পালন উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয় ।সভায় ‘সাহসী নতুন ও উন্নত বিশ্বে সাংবাদিকতা , সংবাদ মাধ্যমের স্বাধীনতায় কৃত্রিম বুদ্ধিমত্তার প্রভাব ’শীর্ষক বিষয়ের ওপর আলোচনা অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

পবিত্র হজের জন্য রাজ্যের ৩১৯ জনের প্রথম দল আজ মদিনার উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন । আজ সকালে লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমানবন্দরে আয়োজিত এক অনুষ্ঠানে আসাম ,মেঘালয় ,নাগালেন্ড ,মিজোরাম ,অরুণাচলপ্রদেশ এবং সিকিমের যুগ্ম রাজ্য হজ কমিটির অধ্যক্ষ নেকিবুর জামান পতাকা নেড়ে হজ যাত্রার শুভারম্ভ করেন । উল্লেখ্য ৩২১ জনের দলটির দুজন যাত্রী বিশেষ অসুবিধার জন্য এই যাত্রা থেকে বিরত থাকেন । অধ্যক্ষ নেকিবুর জামান জানান যে আজ থেকে ৮ মে

পর্যন্ত উত্তর-পূর্বাঞ্চল থেকে মোট দু হাজার ৭৮২ জন হজযাত্রী মক্কা ও মদিনার উদ্দেশ্যে যাত্রা করবেন ।

-----------------------------------------------------------------------------------